



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারী ১৬, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ই জানুয়ারী ২০০১/৩রা মাঘ ১৪০৭

এস, আর, ও নং ১২-আইন/২০০১ — ব্যাটালিয়ান আনসার আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৪ নং আইন) এর ধারা ৬ক এর উদ্দেশ্য পূরণকল্পে এবং ধারা ১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। বিধিমালার নাম।—এই বিধিমালা অংগীভূত ব্যাটালিয়ান আনসার (স্থায়ীকরণ) বিধিমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়:—

- (ক) "অংগীভূত ব্যাটালিয়ান আনসার" অর্থ আইনের ধারা ৭ এ উল্লিখিত কোন পদে ধারা ৬ এর অধীনে অংগীভূত ব্যাটালিয়ান আনসার সদস্য;
- (খ) "আইন" অর্থ ব্যাটালিয়ান আনসার আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৪ নং আইন);
- (গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ আনসার বাহিনী আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৩ নং আইন) এর অধীনে গঠিত আনসার বাহিনীর মহা-পরিচালক বা কোন নির্দিষ্ট পদে নিয়োগের উদ্দেশ্যে তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা, যিনি ব্যাটালিয়ান অধিনায়কের নিম্নতর নহেন;
- (ঘ) "বাছাই কমিটি" অর্থ বিধি ৪ এর অধীনে গঠিত বাছাই কমিটি;
- (ঙ) "মহা-পরিচালক" অর্থ আনসার বাহিনী আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৩ নং আইন) এর অধীনে গঠিত আনসার বাহিনীর মহা-পরিচালক;

- (৮) "স্ব-পদ" অর্থ ব্যাটালিয়ান আনসারের যে পদে কোন ব্যক্তি আইনের ধারা ৬ এর অধীন অংগীভূত হইয়াছেন বা ক্ষেত্রমত ২১ (৩) এর অধীনে অংগীভূত বলিয়া গণ্য হইয়াছেন;
- (৯) "স্থায়ীকরণ" অর্থ ব্যাটালিয়ান আনসার আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৪নং আইন) এর অধীন ব্যাটালিয়ান আনসার বাহিনীতে অংগীভূত আনসার সদস্যের মধ্যে যাহার চাকুরীর মেয়াদ ১৫ (পনের) বছর বা তদূর্ধ্ব হইয়াছে, এই বিধিমালার বিধান অনুসারে, তাহাকে তাহার স্ব-পদে স্থায়ীকরণ;
- (১০) "রেজিষ্ট্রেশন নম্বর" অর্থ আনসার ব্যাটালিয়ানে অংগীভূত করার সময় মহা-পরিচালকের দপ্তরে রেজিষ্ট্রিভুক্তির নম্বর।

৩। স্থায়ীকরণ—(১) আইন ও এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, নিয়োগকারী কর্তৃপক্ষ বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে, ব্যাটালিয়ান আনসার বাহিনীতে অংগীভূত ব্যাটালিয়ান আনসার সদস্যকে স্ব-পদে স্থায়ী করিতে পারিবে।

(২) ব্যাটালিয়ান আনসার বাহিনীতে স্ব-পদে স্থায়ীকরণের জন্য অংগীভূত ব্যাটালিয়ান আনসার সদস্য হিসাবে সংশ্লিষ্ট ব্যক্তির—

- (ক) স্থায়ীকরণপূর্ব চাকুরীকাল নিরবচ্ছিন্ন হইতে হইবে;
- (খ) স্থায়ীকরণপূর্ব চাকুরীর রেকর্ড সন্তোষজনক হইতে হইবে।

(৩) স্থায়ীকরণের সুপারিশ প্রদানের ক্ষেত্রে, বাছাই কমিটি—

- (ক) অংগীভূত আনসার সদস্যদের জ্যেষ্ঠতা তাহাদের অংগীভূত হওয়ার তারিখের ভিত্তিতে নির্ধারণ করিবে;
- (খ) কোন পদে একই তারিখে একাধিক সদস্যকে অংগীভূত করা হইলে তাহাদের জ্যেষ্ঠতা রেজিষ্ট্রেশন নম্বরের ভিত্তিতে নির্ধারণ করিবে।

(৪) উপ-ধারা (২) এবং (৩) এ উল্লিখিত বিষয়াদি ছাড়াও বাছাই কমিটি উক্ত ব্যক্তির স্বাস্থ্যগত যোগ্যতা সম্পর্কে সন্দেহ না হইলে তাহাকে স্থায়ীকরণের সুপারিশ করিবে না; এতদুদ্দেশ্যে মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড বা তৎকর্তৃক নির্দেশিত ডাক্তার এর ডাক্তারী রিপোর্ট বিবেচনাক্রমে বাছাই কমিটি সুপারিশ করা বা না করার সিদ্ধান্ত গ্রহণ করিবে।

৪। বাছাই কমিটি—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকারের অনুমোদনক্রমে, নিয়োগকারী কর্তৃপক্ষ এক বা একাধিক বাছাই কমিটি গঠন করিবে।

(২) এই বিধিমালা প্রবর্তনের পূর্বে অংগীভূত হইয়াছেন এইরূপ ব্যাটালিয়ান আনসার সদস্যকে স্থায়ীকরণের জন্য বাছাই কমিটি নিম্নবর্ণিত সদস্য-সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ—

- (ক) মহা-পরিচালক কর্তৃক মনোনীত আনসার ও ভি. ডি. পি অধিদপ্তরের অন্যান্য পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা, যিনি বাছাই কমিটির সভাপতিও হইবেন;
- (খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যান্য সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;
- (গ) সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যান্য সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঘ) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক মনোনীত অন্যান্য সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঙ) মহা-পরিচালক কর্তৃক মনোনীত অন্যান্য উপ-পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা, যিনি বাছাই কমিটির সদস্য সচিবও হইবেন।

(৩) বাছাই কমিটির সভাপতি ও ২ (দুই) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হইবে এবং উক্ত কমিটি উহার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

৫। বেতন-ভাতাদি।—এই বিধিমালার অধীন কোন পদে স্থায়ী নিয়োগপ্রাপ্ত ব্যাটালিয়ান আনসার বাহিনীর কোন সদস্য, সরকার কর্তৃক উক্ত পদের জন্য নির্ধারিত স্কেলে বেতন ও ভাতাদি পাইবেন।

৬। চাকুরীর অন্যান্য শর্তাবলী।—এই বিধিমালার অধীনে স্থায়ী নিয়োগপ্রাপ্ত ব্যাটালিয়ান আনসার বাহিনীর সদস্যের শৃংখলা এবং উর্ধ্বতন পদে নিয়োগের বিষয়ে ব্যাটালিয়ান আনসার আইন, ১৯৯৫ এবং তদধীনে সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে প্রণীত বিধিমালা অনুসরণ করিতে হইবে, অন্যান্য বিষয়ে বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মাবলী যথাসম্ভব অনুসরণ করিতে হইবে।

৭। কতিপয় ক্ষেত্রে স্থায়ীকরণপূর্ব চাকুরীকাল গণনা।—এই বিধিমালার অধীন স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যাটালিয়ান আনসার বাহিনীর সদস্যদের অর্জিত ছুটি, পেনশন, গ্রাচুইটি ও তৎসংক্রান্ত অন্যান্য সুবিধাদির প্রাপ্যতা নির্ধারণের ক্ষেত্রে ৫০% স্থায়ীকরণপূর্ব চাকুরীকাল গণনা করা যাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, এম, রেজা

সচিব।